



# উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়

## ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা-১০০০



উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে মহান বিজয় দিবস, স্বাধীনতার সুবর্ণজয়ন্তী  
এবং মুজিববর্ষ উদ্ঘাপনের কার্যবিবরণী

১৬ ডিসেম্বর ২০২১ বিজয় দিবসের ৫০ বছর, স্বাধীনতার সুবর্ণজয়ন্তী এবং মুজিববর্ষ উদ্ঘাপনে উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয় বিশেষ কার্যক্রম গ্রহণ করে। শিক্ষার্থীদের মধ্যে রচনা, আবৃত্তি এবং চিত্রাংকন প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। বিজয় দিবস, স্বাধীনতার সুবর্ণজয়ন্তী এবং মুজিববর্ষের তাৎপর্য নিয়ে আলোচনায় অংশগ্রহণ করেন অনুষ্ঠানের সভাপতি অধ্যক্ষ জহুরা বেগম, গর্ভনিং বডিলির সম্মানিত সদস্য ড. মো. আব্দুর রহিম এবং সহযোগি অধ্যাপক সৈয়দা আতিকুন নাহার। বিদ্যালয়ের সঙ্গিত শিক্ষক সঙ্গে কবিরাজের পরিচালনায় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানে বিদ্যালয়ের শিক্ষার্থীরা অংশগ্রহণ করে। দিনটিকে স্মরণীয় করে রাখার জন্য বিদ্যালয় ভবনকে বর্ণিল সাজে সাজানো হয়। এবারের বিজয় দিবসের বিশেষ দিক হলো স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী ও মুজিববর্ষ উদ্ঘাপন উপলক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রীর পরিচালনায় দেশব্যাপী "শপথ অনুষ্ঠান"। বিদ্যালয় প্রাঙ্গণ থেকে উক্ত "শপথ অনুষ্ঠানে" অধ্যক্ষ জনাব জহুরা বেগমের নেতৃত্বে শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ অংশগ্রহণ করেন। এছাড়া ০৮ জন শিক্ষকের তত্ত্বাবধানে ১৫০ জন শিক্ষার্থী সোহরাওয়ার্দী উদ্যানে উপস্থিত হয়ে উক্ত "শপথ অনুষ্ঠানে" অংশগ্রহণ করেন। আলোচনা পর্ব শেষে বিজয়ী শিক্ষার্থীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়। সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন অনুষ্ঠান সমন্বয়কারী সহকারী অধ্যাপক জনাব মো. খাইরুল বাশার।















